72

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 APR 1996 …
পৃষ্ঠা ১ কলাম ৭ …

# উচ্চ শিক্ষায় ভর্তির সুযোগ সীমিত

আনোয়ার জালদীন ॥ প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান এবং আসন সংখ্যার অপ্রতুলতার কারণে চলতি শিক্ষাবর্ষে ১৯৯৪ ও ১৯৯৫ সালের এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ প্রায় দুই লক্ষ ছাত্র-ছাত্রী কোন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে পারিবে না। তীব্র ইচ্ছা থাকা সত্ত্বেও উহারা উচ্চ শিক্ষা লাভে বঞ্চিত হইবে। কারণ সারা দেশের কলেজ, ইনষ্টিটিউট ও বিশ্ববিদ্যালয়গুলিতে অনার্স এবং ডিগ্রি লেভেলে ভর্তির আসন সংখ্যা রহিয়াছে সর্বমোট প্রায় ৬৫ হাজার। অথচ ১৯৯৫ সালে সারা দেশে ১ লক্ষ ৬৬ হাজার ৯ শত ৭৮ জন ছাত্র-ছাত্রী এইচ, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ হয়। পাশাপাশি আসন স্বল্পতার কারণে কাংক্ষিত উচ্চ শিক্ষায়তনে ভর্তি হইতে না পারিয়া ছিটকাইয়া পড়া ১৯৯৪ সালে এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ প্রায় এক লক্ষ ছাত্র-ছাত্রী চলতি শিক্ষা বর্ষে ভর্তির জন্য অপেক্ষা করিতেছে। তাহাদেব

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## উচ্চ শিক্ষায় ভর্তির

( ১ম পৃঃ পর )

জন্য এবারই হইবে শেষ সুযোগ।

দেশের ১০টি বিশ্ববিদ্যালয়ে আসন রহিয়াছে ৪৫ হাজার। ইহার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ সমুহে সর্বাধিক প্রায় ৩৭ হাজার আসন রহিয়াছে। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ২শত, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৭শত ২০টি, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে ৬শত ৫০টি, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৬ শত, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ২শত ৩০টি খুলনা বিশ্ববিদ্যালয়ে ১শত ৩০টি সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১শত ৫০ এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ৫শত ৬০টি আসন রহিয়াছে। উহার বাহিরে ১৫টি মেডিকেল কলেজে প্রায় দেড় হাজার ওবিআইটিতে ৫ শত ৫০টি আসন রহিয়াছে। পলিটেকনিক্যাল ইন্সষ্টিটিউট এবং বেসরকারী বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজগুলিতে ১৮ হাজারের মত ভর্তির আসন আছে।

এই সকল শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে অনার্স ও ডিগ্রী পর্যায়ে ভর্তি প্রক্রিয়া ইতিমধ্যে প্রায় সমাপ্ত হইয়াছে।

বিশ্ববিদ্যালয়গুলিতে অনার্স শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া চলিতেছে।

ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আনার্স শ্রেণীর ৪ হাজার আসনের বিপরীতে ৭০ হাজার আবেদনপত্র জমা পড়িয়াছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৩২ শত আসনের জন্য ৪০ হাজার শিক্ষার্থী আবেদন করিয়াছে। অপর বিশ্ববিদ্যালয় গুলির অবস্থা অনুরূপ। - ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আগামী ৯ই মে হইতে শুরু হইবে।